দৈনিক ইত্তেফাক
NOV. 18 2001
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১ ... কলাম ... ৭ ......

# ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির কার্যক্রম স্থগিত

**ইত্তেফাক রিপোর্ট ॥** গতকাল শনিবার প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া দলের ছাত্র সংগঠন ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির সকল কার্যক্রম স্থগিত করেছেন। প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব হারিছ চৌধুরী গতকাল সন্ধ্যায় প্রধানমন্ত্রীর অফিসে সাংবাদিকদের এ বিষয়ে অবহিত করেন। তিনি জানান, (২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির

(প্রথম পৃঃ পর)

এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে। জানা গেছে, গত কিছু দিনে ছাত্রদলের সহিংসতা, চাঁদাবাজি প্রভৃতি কর্মকাণ্ড রোধে কেন্দ্রীয় কমিটির উপর্যুপরি ব্যর্থতায় প্রধানমন্ত্রী দারুণভাবে ক্ষুব্ধ হন। বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে হল দখলে প্রকাশ্যে অস্ত্রের মহড়ায় বিক্ষুব্ধ প্রধানমন্ত্রী অস্ত্রধারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বলেন। ছাত্রদল সার্বিক কার্যক্রম পর্যালোচনা করে গতকাল কেন্দ্রীয় কমিটির কার্যক্রম স্থগিত করার সিদ্ধান্ত নেন।

উল্লেখ্য, ছাত্রদলের সভাপতি নাসির উদ্দিন পিন্টু ঢাকার লালবাগ এলাকা থেকে জাতীয় সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। তিনি এখন ছাত্রদলের প্রতি বিশেষ মনোযোগী থাকতে পারছেন না। সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টুর সঙ্গে পিন্টুর দ্বন্দ্ব অব্যাহত রয়েছে। কেন্দ্রীয় নেতৃত্বের কোন্দলের কারণে একাধিক গ্রুপের জন্ম হয়েছে ছাত্রদলে। উচ্চতর সূত্রে জানা যায়, শীঘ্রই ছাত্রদলের নতুন কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হবে। পাশাপাশি ছাত্রদলের যে যে শাখার কর্মকাণ্ডে আইন-শৃংখলা পরিপন্থী হবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।